I 4246 500 Rs.

INDIA NON JUDICIAL

५००रू. Rs500

भारत

पाँच सौ रूपया FIVE HUNDRED RUPEES

Admissible under ... Duly Stamped ... Stamp Act ... Act III of 1922 ... of the Calcutta Improvement Act 1911
I A ... 23 ...
Stamp Duty ... the Indian ...
Amend ... 871.25
Aditional ... under the Calcutta Improvement Act 1911
Rs. 360

Total Rs. 1231.25

Fee Paid

A(3)(c) III/ ... 21 ... 1131

District Sub-Registrar, Alipur, 24 P

Satyendra Lal Ghosh

Parijat Ghosh

সাফ বিক্রয় কোবালা মূল্য ১৮০০০্ টাকা ।

কোবালা গ্রহিতা :-

শ্রীমতী সুধা রানী মিত্র
স্বামী মৃত সুধীর কুমার মিত্র
জাতি হিন্দু পেশা গৃহস্বামী
সাং ১২।৪ নর্থ রোড,
থানা যাদবপুর, জেলা ২৪
পরগণা, কলিকাতা ।

কোবালা দাতা :-

১। শ্রী সত্যেন্দ্র লাল ঘোষ
পিতা মৃত ডাঃ উপেন্দ্র লাল ঘোষ
জাতি হিন্দু, পেশা চাকুরী
হাল সাং ২৮এ ঝিল রোড, থানা
যাদবপুর, জেলা ২৪ পরগণা ।

২। শ্রী পারিজাত ঘোষ
পিতা জিতেন্দ্র লাল ঘোষ
হাল সাকিন উড্যাও গভর্ণমেন্ট কোয়াটার
ব্লক ৫/৮ , জেলা দার্জিলিং ।

কস্য নিম্ন তপশীল বর্ণিত ৵২ দুই কাঠা জমির সাফ বিক্রয় কোবালা
পত্র মিদং কার্য্যঞ্চাগে :-

No. 448
Sold to Sadhana Ravikishtan(?)
1274 ... al. 82
For Rs 500/-
Date 5-5-75
...Stamp Vendor
24-Parganas Treasury Alipore

448 = 500
449 = 500
450 = 200
451 = 30
452 = 1.25
1231.25

SEAL OF THE DISTRICT SUB-REGISTRAR ALIPORE

11/20 Presented for Registration at ... A.M./P.M. on the 19th Day of May 75 at the Sadar Registration Office Alipore, 24 Parganas by Satyendra Lal Ghose Executant / Claimant or one of the Executants / Claimants or Attorney for ... Executant / Claimant under a power of attorney No. ... for ... Registrar ...

Satyendralal Ghose

[illegible signature]
District Sub-Registrar,
Alipur, 24 P.
19/5/75

Execution is admitted by

(1) Satyendra Lal Ghose
Son of Lt. Dr. Upendra Lal Ghose
of 28A Jail Rd.
Thana Jadavpur
District 24 Pargs
By Caste Hindu
by profession ...

(2) Parijat Ghose Sen D/o Jitendra Lal Ghose Wood Land Govt Quarter Block 2/8 Dr. Darjeeling. Hindu. H/wife.

Identified by
Jitendra Lal Ghosh
Son / Wife / Daughter of Lt. Dr. Upendra Lal Ghosh
of Woodland Govt. Quarter
Thana Darjeeling
District 24-Parganas Darjeeling
by Caste / Hindu / Muslim
by Profession Service

5895
Satyendralal Ghose

5896
Parijat Ghosh.

Jitendra Lal Ghosh

[illegible signature] 19/5/75
District Sub-Registrar
Alipur, 24 P.

500 Rs.

INDIA NON JUDICIAL

৫০০রু.

Rs500

भारत

पाँच सौ रुपया FIVE HUNDRED RUPEES



Satyendra lal Ghosh
Parijat Ghosh

জেলা ২৪ পরগণা, থানা টালিগঞ্জ হাল যাদবপুর ও সাবরেজেষ্ট্রী আলিপুর অন্তর্গত কলিকাতা কর্পোরেশানের এলাকাধিন জেঃ এলঃ নং ৩৬, মৌজা ইব্রাহিমপুরে জেলা জরীপের ৯০ নং খতিয়ানে লিখিত ১০৬ নং ও ১১৪ নং দাগের অন্তর্গত কমবেশী ।০ পাঁচ কাঠা মোকররী মৌরুশী স্বত্ত্বীয় খালি জমি যাহা বর্ত্তমানে কলিকাতা কর্পোরেশানে ১২।৬ নং যাদবপুর নর্থ রোড প্রেমিসেস হইতেছে । উক্ত কমবেশী ।০ পাঁচ কাঠা খালি জমি পূর্ব্বে ১২ নং যাদবপুর নর্থ রোড নিবাসী নিশা ভূষণ ব্যানার্জ্জীর পত্নী শ্রীমতি লীলা ব্যানার্জ্জীর ষোল আনা স্বত্ত্ব দখলিয় সম্পত্তি থাকা অবস্থায় উক্ত শ্রীমতী লীলা ব্যানার্জ্জী গত ইং ১৯৫৯ সালের ১৪ই আগষ্ট তারিখের রেজেষ্ট্রীকৃত একখণ্ড কোবালা মূলে নগদ ১৬,৫০০্ ষোল হাজার পাঁচশত টাকা পণে আমি অত্র কোবালা দাতা - ১। শ্রী সত্যেন্দ্র লাল ঘোষ ও আমার বৈমাত্রেয় ভ্রাতা ২। শ্রী রথীন্দ্র লাল ঘোষ ও ৩। ভগ্নীদ্বয় শ্রীমতী স্মৃতিকণা ঘোষ ।, বর্তমানে মিত্র । ও ৪। শ্রীমতী উষারানী মিত্র ও ৫। আমার আত্মীয় শ্রী শশাঙ্ক মোহন চন্দ ও ৬। আমার ভ্রাতুষ্পুত্র তৎকালে নাবালক

449

Sudha Rani Mitra

12/4 [illegible] Rd Cal-32

For Rs. 500/-

Date 5-5/75 Stamp Clerk,

24-Parganas Treasury, Alipur.

SEAL OF THE DISTRICT SUB-REGISTRAR ALIPORE

District Sub-Registrar,

Alipur, 24 P.

INDIA NON JUDICIAL

২০০রু. Rs.200

भारत

दो सौ रुपया TWO HUNDRED RUPEES



Satyendra lal Ghosh
Parijat Ghosh

শ্রী পারিজাত ঘোষ পক্ষে অভিভাবক পিতা শ্রী জিতেন্দ্র লাল ঘোষ ও ৭। নাবালিকা শ্রীমতি রাখী ঘোষ ওরফে বলাকা ঘোষ । বর্তমানে কর । পক্ষে অভিভাবক পিতা শ্রীহীতেন্দ্র লাল ঘোষ এই সাতজনকে একযোগে বিক্রয় করিয়া উক্ত বিক্রীত সম্পত্তিতে আমাদের ও উক্ত কোবালার অপর সরিকগণকে খাস দখল দিয়া উপরোক্ত রূপে - বিক্রীত জমীর স্বত্ত্ব দখলচ্যুত হয়েন এবং তদবধি কোবালা খরিদা সম্পত্তিতে - আমরাও উক্ত কোবালার অপর গ্রহিতাগণ এজমালে স্বত্ত্ববান ও দখলিকার হই ও হয়েন। উক্ত কোবালা দাত্রী শ্রীমতী লীলা ব্যানাজর্জীর স্বামী শ্রী নিশা ভূষণ ব্যানাজর্জী উক্ত কোবালা দলিলে সমর্থনকারী কনফারমিং পক্ষ হইয়া তাহা উক্ত কোবালাদাতা শ্রীমতী লীলা ব্যানার্জীর সহিত সহি সম্পাদন ও একযোগে রেজেষ্ট্রী করিয়া দেন উক্ত কোবালা দলিল আলিপুর সদর সাবরেজেষ্ট্রী আফিসে ১নং বহি ১৩৩ নং ভল্যুম ১৩ পাতা হইতে ৪৮ পাতা ভুক্ত হইয়া ১৯৫৯ সালের ৭৪৩৬ নং দলিল হইয়াছে এবং উক্তরূপে কোবালা খরিদ্দারগণ এজমালে স্বত্ত্ববান ও দখলিকার থাকাকালে -

30Rs.

तीस रुपया

भारत

INDIA

३०रु.

30RS

THIRTY RUPEES

।৪।

Satyendra lal Ghosh

Parijat Ghosh.

উক্ত কোবালা গ্রহিতাগনের মধ্যে ৪/৭ চার সপ্তমাংশ অংশের স্বত্বাধিকারী চারিজন ১। শ্রী রথীন্দ্র লাল ঘোষ, ২। শ্রীমতী ঊষা রানী মিত্র ৩। শ্রীমতী স্মৃতিকণা ঘোষ । বর্তমানে মিত্র।ও ৪। শ্রী শশাঙ্ক মোহন চন্দ্র উক্ত খরিদা সম্পত্তিতে তাহাদের পক্ষে কোনও রূপ গৃহাদি নির্মান করা সম্ভবনা না হওয়ায় উক্ত খরিদা খালি কমবেশী ।০ পাঁচ কাঠা জমি মধ্যে তাঁহাদের অবিভক্ত ৪/৭ চার সপ্তমাংশ ভূমি বিক্রয়ের ইচ্ছা প্রকাশ ও প্রচার করিলে তাহাদের অতি নিকট আত্মীয় এবং সরিক আমি ১নং কোবালা দাতা শ্রী সত্যেন্দ্র লাল ঘোষ উহা ১২০০০৲ বার হাজার টাকা পণে খরিদ করিতে স্বীকৃত হইলে তাহাতে তাহারা সম্মত হইয়া উক্ত মূল খরিদা কমবেশী ।০ পাঁচ কাঠা জমী মধ্যে অবিভক্ত ৪/৭ চারি সপ্তমাংশের স্বত্বাধিকারী উক্ত শ্রীমতী স্মৃতিকণা ঘোষ শ্রীমতী উষা রানী মিত্র শ্রী শশাঙ্ক মোহন চন্দ্র ও শ্রী রথীন্দ্র লাল ঘোষ এই চারিজন অত্র ১নং কোবালা দাতা আমি শ্রী সত্যেন্দ্র লাল ঘোষ আমার নিকট পণের সাকুল্য ১২০০০৲ বার হাজার টাকা বুঝিয়া পাইয়া নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় উক্ত কমবেশী ।০ পাঁচ কাঠা জমির সম্পত্তির মধ্যে তাহাদের স্বত্ব দখলিয় নিজাংশে – অবিভক্ত ৪/৭ চারি সপ্তমাংশ জমী অত্র ১নং কোবালা দাতা শ্রী সত্যেন্দ্র লাল ঘোষ

1R° 25 nP

INDIA

एक रुपया पचीस नये पैसे

ONE RUPEE भारत TWENTY FIVE NAYE PAISE



Satyendra Lal Ghosh.
Parijat Ghosh.

আমার বরাবর গত ১৯৬৫ সালের ২১ শে ডিসেম্বর তারিখে একখণ্ড সাফ – বিক্রয় কোবালা মুলে আমাকে বিক্রয় করিয়া আমাকে আইনমত দখল দিয়া উক্ত কোবালা দাতাগণ বিক্রীত সম্পত্তি হইতে চিরতরে সম্পূর্ণরূপে স্বত্ব দখলিচ্যুত হয়েন এবং উক্তরূপ কোবালা মুলে তপশীল সাকুল্য কমবেশী ।০ পাঁচ কাঠা জমির অবিভক্ত ৪/৭ অংশে স্বত্বদখল আমি ১নং কোবালা দাতা শ্রী সত্যেন্দ্র লাল ঘোষ, আমাতে বর্ত্তায় এবং আমি আমার পূর্ব্ব ১৯৫৯ সালের ১৪ই আগষ্ট তারিখের পূর্ব্বোক্ত প্রথম কোবালা মুলে খরিদা ১/৭ এক সপ্তমাংশ সামিলে কমবেশী ।০ পাঁচ কাঠা জমীর উপরোক্তরূপ কোবালা খরিদ মুলে ৫/৭ অংশে স্বত্ববান ও এজমালে দখলিকার হই বক্রী ১/৭ অংশের অবিভক্ত এজমাল স্বত্ব দখলকারিনী শ্রীমতী বলাকা কর ।ঘোষ । স্বামী শ্রী সুভাস চন্দ্র কর ও অবশিষ্ট অবিভক্ত ১/৭ অংশের স্বত্বাধিকারী শ্রীমান পারিজাত ঘোষ পিতা শ্রী জিতেন্দ্র লাল ঘোষ আমার সহিত এজমালে নিজ নিজ স্বত্বানুসারে স্বত্ববান স্বত্ববতী দখলকার থাকেন । ইতিমধ্যে আমার উক্ত শরীকদ্বয় অর্থাৎ ভ্রাতষ্পুত্রী শ্রীমতি রাখী ঘোষ ওরফে বলাকা ঘোষ ।কর । ও ভ্রাতষ্পুত্র –

Satyendra Lal Ghosh.
Parijat Ghosh.

শ্রী পারিজাত ঘোষ সাবালিকা ও সাবালক হইয়াছে। ~~[illegible]~~ P.G.

P.G. ~~[illegible]~~। উক্ত অবিভক্ত ১/৭ রকম সপ্তমাংশের মালিক শ্রীমতী বলাকা কর। ঘোষ স্বামী শ্রী সুভাষ চন্দ্র কর গত ১৯ শে মার্চ,১৯৭৫ তারিখে ১নং কোবালা দাতা আমার নিকট হইতে নগদ মূল্য গ্রহণে ১নংকোবালা দাতা শ্রী সত্যেন্দ্র লাল ঘোষ আমার বরাবর একখণ্ড রেজেস্টারীকৃত সাফ কোবালা দলিল সহি সম্পাদন ও রেজেস্ট্রী করিয়া দিয়া নিম্ন তপশীল বর্ণিত কমবেশী ।০ পাঁচ কাঠা জমী মধ্যে তাহার অবিভক্ত ১/৭ রকম সপ্তাংশে সাকুল্য জমি আমাকে বিক্রয় করিয়া উক্ত স্বত্বাংশে নিঃস্বত্ব হওয়ায় আমি ১নং কোবালা দাতা উক্তরূপে খরিদা ১/৭ সপ্তমাংশে উক্ত কোবালা মূলে স্বত্ববান হইয়া আমার পূর্ব্ব খরিদা – নিজ ৫/৭ পাঁচ সপ্তমাংশের সামিলে অর্থাৎ কমবেশী ।০ পাঁচ কাঠা সম্পত্তির ৬/৭ ছয় সপ্তমাংশ অংশে স্বত্ববান ও এজমালে দখলিকার হইয়া অবশিষ্ট ১/৭ এক সপ্তমাংশ স্বত্বাংশের স্বত্ব দখলাধিকারী ২নং কোবালা দাতা শ্রীমান পারিজাত – ঘোষের সহিত উপরোক্ত নিজ নিজ স্বত্বাংশে এজমালে স্বত্ববান ও দখলিকার হইতেছি ও হইয়াছি।আমি ১নং কোবালা দাতা আমার বরাবর উপরোক্ত শ্রীমতী রাখী ঘোষ ওরফে বলাকা ঘোষ।বর্তমান করের। কোবালা দলিল জেলা ২৪ পরগণা আলিপুর সাবরেজেস্ট্রী অফিসে রেজেস্ট্রী হইয়া ১৯৭৫ সালের ১৬০০ নং দলিল হইতেছে। উক্তপ্রকারে উপরোক্ত স্বত্বাংশ মূলে আমি ২নং কোবালা দাতা শ্রী পারিজাত ঘোষ আমার স্বত্বাংশে কমবেশী ।০ পাঁচ কাঠা জমীর মধ্যে আমার ১/৭ এক – সপ্তমাংশে কমবেশী ৴॥৵০ এগার ছটাক পরিমান জমি হইতেছে এবং আমি ১নং কোবালা দাতা শ্রী সত্যেন্দ্র লাল ঘোষ আমার $\frac{৬}{৭}$ ছয় সপ্তমাংশে কমবেশী ৷৪৵০ চারি কাঠা দুই ছটাক পরিমান জমী হইতেছে। এক্ষণে ২নং কোবালা দাতা আমি শ্রীমান পারিজাত ঘোষ আমার ১/৭ এক সপ্তমাংশানুসারে প্রাপ্য কমবেশী ৴॥৵০ এগার ছটাক জমি হইতেছে এবং এই সামান্য জমি বিভাগ বন্টন করিয়া লইয়া আলাদা

Satyendralal Ghosh
Parijat Ghosh

কোনও প্রকার বসবাস বা অন্য কোন প্রকার লাভজনক ব্যবহার করিতে পারিব না, তদুপরি সাংসারিক নানা কার্য্যের জন্য আমার নগদ টাকার প্রয়োজন হইতেছে। এবং আমি ১নং কোবালা দাতা শ্রী সত্যেন্দ্র লাল ঘোষ আমার সাকুল্য কমবেশী ।০ পাঁচ কাঠা জমীর মধ্যে অংশানুসারে ৬/৭ ছয় সপ্তমাংশে কমবেশী ১৪৶০ চারি কাঠা দুই ছটাক জমী হইতেছে এবং আমি ঐস্থানে গৃহাদি নির্মান করিয়া বসবাস করিবার মনস্থ করিয়াছি কিন্তু তজ্জন্য আমার অংশের সাকুল্য পরিমান জমি - প্রয়োজন হইতেছে না এবং তদুপরি আমারও নগদ টাকার প্রয়োজন হওয়ায় আমি কতক পরিমানে জমি বিক্রয়ের ইচছা প্রকাশ করিলে আপনি কোবালা গৃহীতা তাহা জানিতে পারিয়া উক্ত কমবেশী ।০ পাঁচ কাঠা জমীর পশ্চিম ও উত্তর দিকে দুই কাঠা পরিমান জমি খরিদ করিবার প্রস্তাব করিলে আমরা উভয় কোবালা - দাতা তাহাতে স্বীকৃত হইয়া ২নং কোবালা দাতা শ্রী পারিজাত ঘোষ তাহার অংশানুসারে প্রাপ্য সাকুল্য জমীর সহিত ১নং কোবালা দাতা শ্রী সত্যেন্দ্র লাল ঘোষের স্বত্বাংশের প্রাপ্য সাকুল্য জমীর মধ্য হইতে কতকাংশ জমী একত্রিত করিয়া মোট মাপ সুরত ১২ দুই কাঠা জমী যাহা অত্রসহ দাখিলী নকসায় প্রদর্শিত করিয়া মোট কমিবেশী উক্ত ।০ পাঁচ কাঠা জমীর প্লটের উত্তর ও পশ্চিম দিকে অত্রসহ - দাখিলী নকসায় লাল রং এর বর্ডার দ্বারা নির্দ্দিষ্টকৃত মাপ সুরত ।ক। চিহ্নিত ১২ দুই কাঠা জমির একটি প্লট করিয়া আপনি কোবালা গ্রহিতা আপনাকে - প্রদর্শন করিলে আপনি বেলমোক্তা ১নং কোবালা দাতা ১২০০০, ও ২নং কোবালা দাতা ৬০০০, মোট ১৮০০০, আঠার হাজার টাকা পণে তাহা খরিদ করিবার প্রস্তাব করিলে আমরা উভয় কোবালা দাতা তাহাতে স্বীকৃত হইয়া অদ্য তারিখে আপনি কোবালা গ্রহিতা আপনার নিকট হইতে পণের সাকুল্য - ১৮০০০, আঠার হাজার টাকা আমরা উভয় কোবালা দাতা নিজ নিজ অংশ মত এককালীন নগদ মূল্য গ্রহণ করিয়া ও বুঝিয়া পাইয়া সর্বমোট মাপ সুরত ১২ দুই কাঠা জমি যাহা নিম্নের তপশীল বর্ণিত ও অত্রসহ নকসায় লাল বর্ডার দ্বারা -

Lamon
P. Ghosh

Satyendra... Paijat Ghosh.

চিহ্নিত এবং সীমানা জ্ঞাপক পিলার দিয়া বেষ্টিত হইয়াছে তাহা আপনি কোবালা গ্রহিতা আপনার বরাবর অত্র কোবালা দলিল সহি সম্পাদন করিয়া নির্দায় ও নির্দোষ অবস্থায় উক্ত ৲২ দুই কাঠা জমী আপনাকে বিক্রয় করিয়া অদ্য হইতেই বিক্রীত উক্ত জমিতে আপনাকে খোলসা খাস দখল দিয়া তাহা হইতে – ওয়ারিসানগণক্রমে চিরতরে নিঃস্বত্ব ও স্বত্বদখলচ্যুত হইলাম এবং অত্র বিক্রীত – সম্পত্তিতে আমাদের যে কিছু স্বত্ব দখল লভ্য হক হকিয়ৎ ছিল তাহা অদ্য হইতে আমাদের লোপ পাইল এবং তাহা সম্পূর্ণরূপে আপনাতে বর্তাইল ও অর্শিল এবং আপনি কোবালা গ্রহিতা অত্র কোবালা মুলে খরিদা সত্বে খরিদা জমিতে স্বত্ববান ও দখলিকার হইয়া কলিকাতা করপোরেসানে ও উপরস্থ মালিকানী সেরেস্তায় এবং আইন আদালত সর্বস্থানে আমাদের বা আমাদের পূর্ববাধিকারীগণের নাম কর্তন পূর্বক আপনার নিজ নাম জারী ও পত্তন করিয়া স্বনামে নিজ স্বত্বদখল প্রচারে – যদৃচ্ছাভাবে উহাতে পাকা ইমারত আদি সর্বপ্রকার বাড়ী প্রাচীর ইত্যাদি নলকূপ, বিক্রীত সম্পত্তির নিম্নে সিউয়ার ড্রেণ ইলেকট্রিক তার কেবল টেলিফোন ও ইলেকট্রিক পোর্ট ও তার লওয়া প্রভৃতি সর্বপ্রকার মালিকি স্বত্বে স্বত্ববান ও দখলিকার হইয়া পুত্র পৌত্রাদি ওয়ারিসান স্থলাভিষিক্তগণক্রমে দান, বিক্রয় সর্বপ্রকার হস্তান্তর করিবার ক্ষমতাযুক্তে ষোল আনা রকমের মালিক ও স্বত্বাধিকারী হইয়া পরমসুখে ভোগদখল করিতে থাকুন ও থাকিবেন তাহাতে আমরা বা আমাদের – কোন ওয়ারিসান বা স্থলাভিষিক্তকাহারও কোন প্রকার ওজর আপত্তি থাকিবে না ও করিতে পারিব না বা করিতে পারিবে না । যদি করি বা কেহ করে তাহা সর্বথা সর্বত্র সর্ব আদালতে বাতিল ও নামঞ্জুর হইবে । কোবালা দাতা আমরা এতদ্বারা স্বীকার ও অঙ্গীকার ~~[struck out]~~ করিতেছি যে বিক্রীত – সম্পত্তি ইতিপূর্বে আমরা কোবালা দাতা বা আমাদের পূর্ববাধিকারী কেহ কোন প্রকারে দায়াবদ্ধ বা হস্তান্তর করি নাই বা করে নাই বা অত্র বিক্রীত সম্পত্তি উপর

Lalyundulyhun Panjab flank.

কাহাকেও বিক্রয় করিবার জন্য কোন প্রকার লিখিত বা মৌখিক চুক্তিকরি নাই এবং উক্ত সম্পত্তি কোন প্রকার মামলা মোকর্দ্দমা বিষয়ীভূক্ত বা ক্রোকাবদ্ধ নাই বা উহাতে কোন প্রকার চার্জ্জ নাই বা উক্ত বিক্রীত সম্পত্তি সম্বন্ধে আমরা - কাহারও বেনামদার নহি এবং উহা কোন প্রজাবিলি নাই এবং উক্ত সম্পত্তি সম্পর্কে কোন প্রকার নিষেধাজ্ঞা নাই বা উহার উপর কাহারও কোন প্রকার ইজমেন্ট বা বর্ত্ত স্বত্ব নাই বা কোন প্রকার এ্যাকুইজিশান বা রিকুইজিশান নাই বা কোন - এলাইনমেন্টের অন্তর্ভুক্ত নাই। বিক্রীত সম্পত্তি সম্পূর্ণ ও সর্ব্ব প্রকারে নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় আছে এবং তাহা বিক্রয় করিবার আমরা কোবালা দাতা - আমাদের সম্পূর্ণ স্বত্ব ও অধিকার আছে এবং উহা সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় আছে। আপনি আমাদের উক্তি সমূহের উপর বিশ্বাস ও নির্ভর করিয়া নিম্নবর্ণিত সম্পত্তি নগদ মূল্যে খরিদ করিলেন। এক্ষনে কোবালা দাতা আমাদের উপরোক্ত - কোনও উক্তি মিথ্যা প্রকাশ পায় বা আমাদের উক্তি বা স্বত্ত্বের কোন ত্রুটির জন্য বা কোন কার্য্যের জন্য আপনার শান্তিপূর্ণ স্বত্ব দখলে কোনরূপ বাধা বিঘ্ন হয় বা তজ্জন্য আপনার কোন প্রকার ক্ষতি হয় তাহা আমরা ওয়ারিসানগণক্রমে ক্ষতি পূরণ সহ পূরা করিতে বাধ্য থাকিলাম ও থাকিব ও থাকিবে - যদ্যপি ভবিষ্যতে এই কোবালা দলিলের কোন ভ্রম থাকা প্রকাশ পায় বা আপনার স্বত্ব দখল দৃঢ়তর করিবার জন্য অপর কোন দলিল করিয়া দিতে হয় তাহা আপনার খরচে আমরা করিতে ওয়ারীসানক্রমে করিতে বাধ্য থাকিলাম ও থাকিবে। আরও প্রকাশ থাকে যে বিক্রীত সম্পত্তি মূল জমীর অংশ হওয়ায় পূর্ব্বের স্বত্বের কোন দলিল আপনাকে দিতে পারিলাম না ভবিষ্যতে যদি কোন আইন আদালাদি বা আফিসাদিতে - দর্শাইবার বা প্রমান করিবার প্রয়োজন হয় বা আপনাকে দর্শাইবার প্রয়োজন হয় তাহা হইলে আপনার খরচে তাহা উপস্থিত করিতে এবং প্রদর্শন করিতে বাধ্য - রহিলাম ও থাকিবে।

।১০

এতদর্থে সুস্থ শরীরে সরলান্তঃকরণে স্বেচ্ছায় অত্র কোবালা দলিলের মর্ম সম্যক অবগত হইয়া এবং বুঝিয়া পণের সাকুল্য ১৮০০০্ আঠার হাজার টাকা আপনার নিকট নিম্ন জায়মত বুঝিয়া পাইয়া আপনার বরাবর আমরা অত্র কোবালা দলিল সহি - সম্পাদন করিয়া দিলাম। ইতি ইংরাজী সন ১৯৭৫ সালের ১৯|৫ মোতাবেক বাংলা সন ১৩৮২ সালের - ৪ঠা জ্যৈষ্ঠ।

তপশীল

বিক্রীত সম্পত্তির বিবরন ও চৌহদ্দি ঃ-

জেলা ২৪ পরগণা থানা যাদবপুর সাবেক টালীগঞ্জ সাবরেজেষ্ট্রী আলিপুরের অন্তর্গত কলিকাতা কর্পোরেসানের এলাকাধীন মৌজা ইব্রাহিমপুর জে এল নং ৩৬ জেলা জরীপের ৯০ নং খতিয়ান ভুক্ত ১০৬ ও ১১৪ নং দাগ ভুক্ত কমবেশী ।৹ পাঁচ কাঠা জমী যাহা কলিকাতা কর্পোরেসানের ১২।৬ নর্থ রোড প্রেমিসেস হইতেছে এবং যাহার হাল সঠিক মাপ সুরত উত্তর ও দক্ষিন দিকের সীমানা পূর্ব্ব পশ্চিমে ৫০'-২" পঞ্চাশ ফুট দুই ইঞ্চি লম্বা এবং পূর্ব্বদিকের সীমানা উত্তর দক্ষিণে ৬৯'-৮" উন সত্তর ফুট আট ইঞ্চি লম্বা এবং পশ্চিম দিকের সীমানা উত্তর দক্ষিণে ৭০'-৫" সত্তর ফুট পাঁচ ইঞ্চি লম্বা হইতেছে তন্মধ্য উত্তর ও পশ্চিম দিকে মাপ সুরত ৴২ দুই কাঠা ·০৩৩১ শতক মোট ১৪৪০ স্কোয়ার ফুট খালি জমী যাহা অত্রসহ দাখিলী প্ল্যানে যাহা অত্র দলিলে একাংস হইতেছে এবং লাল রং এর বর্ডার দ্বারা এবং 'ক' চিহ্নিত করিয়া প্রদর্শিত হইল এবং যাহা কলিকাতা কর্পোরেসানের যাদবপুর নর্থ রোড প্রেমিসেসের অন্তর্গত এবং যাদবপুর এষ্টেট লিমিটেডের অধীন বার্ষিক ১·২৫ পয়সা খাজনায় - জোতের অন্তর্গত এবং যাহার হারাহারি মত বার্ষিক খাজনা ·৫০ পয়সা টাকা - দেয় হইতেছে এবং যাহার চৌহদ্দি নিম্নে বর্ণিত হইল উক্ত ৴২ দুই কাঠা জমী - বিক্রীত সম্পত্তি হইতেছে। অত্রসহ দাখিলী উক্ত প্ল্যান অত্র দলিলের একাংস গণ্য হইবে।

Satyendralal Ghosh
Parijat Ghosh.

বিক্রীত সম্পত্তির চৌহদ্দি ঃ-

- - - - - - - - - - - -

উত্তর ঃ- ১২।৪ নং নর্থ রোড প্রেমিসেস, কোবালা গ্রহীতা শ্রীমতী সুধা রানী মিত্র

দক্ষিন ঃ- কতকাংশে রাস্তা ও বক্রী অংশে ১২।৬ নং নর্থ রোড প্রেমিসেসের বিক্রয় বাদে বক্রী অংশ, শ্রীসত্যেন্দ্র লাল ঘোষ ।

পূর্বব ঃ- ৫ নং নর্থ রোড প্রেমিসেস, শ্রী প্রভাত চন্দ্র দত্ত

পশ্চিম- ১২।৩ নর্থ রোড প্রেমিসেস, শ্রীমতী ছবি ভৌমিক ।

পণের টাকার জায় -

১০০্ একশত টাকার নোট ১৮০ কেতায় - ১৮০০০্

মঃ আঠার হাজার টাকা ।

৭। সতের পাতায় ত্রয়োবিংশ লাইনে বেলঘোরিয়া শব্দের পরে ১নং কোবালা দাতার ৩৩০্ ও ২নং কোবালা দাতা ৬০০০্ মোট কথাগুলি তেল কলমে লেখা হইল।
কৈ: বর্ষ: ২। দশ পাতায় ১৯ লাইনে কাশিপুর শব্দের পর ১০.২৫ আনার স্থলে ১.২৫ এক টাকা পঁচিশ পয়সা শব্দ ও কুড়ি লাইনে আড়াই শব্দের পর ৪.১০ সাড়ে চারি টাকা ৫০ পয়সা শব্দ তেল কলমে লেখা হইল।

Satyendralal Ghosh
Parijat Ghosh.

ইসাদি ঃ-

- - - - - - - -

1. Jitendra Lal Ghosh
19.5.75
Woodland Govt. Qrs.
Block "C" Top floor
Darjeeling.

2. Barindra Lal Ghosh
Advocate
Alipore Judge's Court
19.5.75

3. Nisapada Mondal
Pleader clerk.
Alipore Judges Court
Calcutta - 27

টাইপ কারক -
শ্রী [illegible]
আলিপুর জজকোর্ট ।

Compound


H.C.A.

SEAL OF THE DISTRICT SUB-REGISTRAR
ALIPORE

District Sub-Registrar
Alipur, 24 P.

SEAL OF THE DISTRICT SUB-REGISTRAR
ALIPORE

Book I
Volume No. 105
Pages 232 to 246
Being No. 4246
For the Year 1975


8'-0"
42'-2"
50'-2"
24'-0" WIDE
ROAD
Book - I
Vol-105

ched to Ali Page - 237

. 4246

car - 1975

ac/

Alipore.

/6/75